বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
নির্বাহী পরিচালকের দপ্তর
সেন্ট্রাল প্রকিউরমেন্ট, ইঞ্জিনিয়ারিং এন্ড স্টোর ইউনিট
কুর্মিটোলা, ঢাকা -১২২৯।

নথি নং- ৩০.৩১.০০০০.১৮৬.০৭.০৪৫.২৫/৬৮৮ তারিখঃ ২২/০৬/২০২৫ খ্রিঃ

## তালিকাভুক্তি নবায়ন ও নতুন তালিকাভুক্তি করনের বিজ্ঞপ্তি।

এতদ্বারা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নির্বাহী পরিচালকের দপ্তর, সেমসুতে ২০২৪-২০২৫ আর্থিক সালে বিদ্যমান তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহকে আগামী ২০২৫-২০২৬ আর্থিক সালে তালিকাভুক্তির নবায়নের লক্ষ্যে নির্ধারিত শর্তাবলীসহ নবায়নের ফরম সেমসু'র মেইন স্টোর হতে বিনামূল্যে সংগ্রহ করতঃ এবং যারা নতুন তালিকাভুক্ত হতে ইচ্ছুক তাদেরকে নির্ধারিত মূল্যে তালিকাভুক্তি ফরম সংগ্রহ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২৪/০৭/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নির্বাহী পরিচালক, সেমসু, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ {মনোযোগ ঃ পরিচালক (প্রকিউরমেন্ট, স্টোরস এন্ড সাপ্লাই)} বরাবর আবেদনের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহনযোগ্য হবে না।

২২/৬/২৫
পরিচালক
(প্রকিউরমেন্ট, স্টোরস এন্ড সাপ্লাই)
সেমসু, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
ও
সভাপতি, সরঃ/ঠিকাদার তাঃ বাছাই/স্ক্রুটিনি কমিটি।

অনুলিপি ঃ-

১। সহকারী পরিচালক (অর্থ), সেমসু।
২। পিএ টু নির্বাহী পরিচালক (সেমসু)।
৩। নোটিশ বোর্ড।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
নির্বাহী পরিচালকের দপ্তর,
সেমসু, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

নথি নং- ৩০.৩১.০০০০.১৮৬.০৭.০৪৫.২৫/ ৮৮৮ তারিখ ঃ ২২/০৬/২০২৫ খ্রিঃ

তালিকাভুক্তি ফরম ঃ মূল্য টাকা ৫০০/- (পাঁচশত) টাকা (অর্থ প্রদানের মূল রশিদ সংযুক্ত করুন)

## ঠিকাদারী তালিকাভুক্তি শর্তাবলী

১। আবেদনকারীকে অবশ্যই প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দরখাস্ত করতে হবে এবং আবেদনকারী প্রতিষ্ঠানকে যোগ্যতানুযায়ী নিম্নবর্ণিত ৪টি গ্রুপের মধ্যে তালিকাভূক্তি করা হবে ।

-ঃ গ্রুপ সমুহ ঃ-

| গ্রুপ নং | কত টাকার মালামালের সরবরাহকারী হিসাবে প্রতিযোগিতা করতে পারবেন | তারিকাভূক্তি ফি |
|---|---|---|
| "এ" অপরিসীম | ২৫(পঁচিশ) লক্ষ টাকার উপরে | পিপিআর-২০০৮এর ৫২(৩) বিধির আলোকে তফসিল-২ এ বর্নিত ঠিকাদারী তালিকাভুক্তি ফি ৫,০০০/- টাকা + ১৫% ভ্যাট ৭৫০.০০ টাকা + তালিকাভূক্তি বই ৪০০/- টাকা । |
| "এ" শ্রেণী | ২৫(পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত | |
| "বি" শ্রেণী | ১০(দশ) লক্ষ টাকা পর্যন্ত | |
| "সি" শ্রেণী | ০৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত | |

২। আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে ঃ-

ক) ২০২৫-২০২৬ সালের বৈধ ট্রেড লাইসেন্স ।
খ) ২০২৪-২০২৫ সালের প্রতিষ্ঠানের আয়কর সনদপত্র ।
গ) ২০২৫-২০২৬ সালের হালনাগাদ আর্থিক স্বচ্ছলতার (ব্যাংক সলভেন্সী) সনদপত্র (তিন মাসের পূর্বের সার্টিফিকেট গ্রহনযোগ্য নহে) ।
ঘ) ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট।
ঙ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র (National ID Card) ।
চ) আবেদনকারীর সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
ছ) প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনকারীর নমুনা স্বাক্ষর এর মূলকপি।
জ) পূর্ব কাজের অভিজ্ঞতা হিসেবে কার্যাদেশ ও কার্য সম্পাদন সনদ (যথাক্রমে (i) 'এ' অপরিসীম শ্রেণীর জন্য ৫০ লক্ষ টাকার উর্ধ্বে, (ii) 'এ' শ্রেণীর জন্য ৪০ লক্ষ টাকা উর্ধ্বে, (iii) 'বি' শ্রেণীর জন্য ২৫ লক্ষ টাকা উর্ধ্বে এবং (iv) 'সি' শ্রেণীর জন্য ৫ লক্ষ টাকা উর্ধ্বে)।
ঝ) সেমসু কর্তৃক প্রদানকৃত নমুনা অনুযায়ী হলফ নামা (৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে)।

৩। আবেদন পত্র পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা-নিরীক্ষার পর যাদের আবেদন পত্র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে, কেবলমাত্র তাদেরকেই তালিকাভুক্ত করা হবে এবং তালিকাভূক্তি পত্র প্রাপ্তির নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধকরণ ফি এর টাকা সেমসু'র হিসাব শাখায় নগদ জমা প্রদান করতে হবে।

৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন অথবা সকল দরখাস্ত গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষন করেন ।

22/6/25
পরিচালক
(প্রকিউরমেন্ট, স্টোরস এন্ড সাপ্লাই)
সেমসু, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা ।
ও
সভাপতি, সরঃ/ঠিকাদার তাঃ বাছাই/স্ক্রুটিনি কমিটি ।